# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৬৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৪. শীতের রাতে জামা'আতে উপস্থিত না হওয়া

باب التَّخَلُّفِ عَنِ الْجَمَاعَةِ، فِي اللَّيْلَةِ الْبَارِدَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، أَخْبَرَنِي عَبْدُ الْحَمِيدِ، صَاحِبُ الزِّيَادِيِّ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ الْحَارِثِ ابْنُ عَمٍّ، مُحَمَّدِ بْنِ سِيرِينَ أَنَّ ابْنَ عَبَّاسٍ، قَالَ لِمُؤَذِّنِهِ فِي يَوْمٍ مَطِيرٍ إِذَا قُلْتَ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللهِ . فَلَا تَقُلْ حَيَّ عَلَى الصَّلَاةِ . قُلْ صَلُّوا فِي بُيُوتِكُمْ . فَكَأَنَّ النَّاسَ اسْتَنْكَرُوا ذَلِكَ فَقَالَ قَدْ فَعَلَ ذَا مَنْ هُوَ خَيْرٌ مِنِّي إِنَّ الْجُمُعَةَ عَزْمَةٌ وَإِنِّي كَرِهْتُ أَنْ أُحْرِجَكُمْ فَتَمْشُونَ فِي الطِّينِ وَالْمَطَرِ .

ـ صحيح : ق

বাংলা

১০৬৬। মুহাম্মাদ ইবনু সীরীনের চাচাতো ভাই 'আবদুল্লাহ ইবনুল হারিস (রহঃ) সূত্রে বর্ণিত। একদা বৃষ্টির দিনে ইবনু 'আব্বাস (রাঃ) তার মুয়াযযিনকে বললেন, আযানের মধ্যে তুমি যখন ''আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ'' বলবে তখন এরপর ''হাইয়্যা 'আলাস-সালাহ'' বলবে না। বরং বলবেঃ 'সল্লু ফী বুয়ূতিকুম' (তোমরা নিজ নিজ ঘরে সালাত আদায় করো)। লোকেরা এটাকে অপছন্দ করলে ইবনু 'আব্বাস (রাঃ) বললেন, আমার চাইতে উত্তম যিনি তিনিও এরূপ করেছেন। নিঃসন্দেহে জুমু'আহর সালাত ওয়াজিব। কিন্তু এরূপ কাদা ও বৃষ্টির মধ্যে তোমাদেরকে হেঁটে আসতে (ঘর হতে বের করতে) আমি পছন্দ করি নাই।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Ibn Sirin said:
Ibn 'Abbas said to his mu'adhdhin on a rainy day: "when you utter the words

‘ I testify that Muhammad is the Messenger of Allah,” do not say,” Come to prayer” but say “Pray at your homes,” By this (announcement) the people were surprised. He said: One who was better than me has done it. The Friday prayer is an obligatory duty. But I disliked to put you to hardship so that you might walk in mud and rain.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ আযানের মধ্যে কথা বলা, হাঃ ৬১৬), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ বৃষ্টির দিকে বাড়িতে সালাত আদায় করা) সকলে ইসমাঈল হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু হারিস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58384

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন